

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞাপন কমিশনারের কার্যালয়, ঢাকা
উন্নয়ন শাখা
www.dhakadiv.gov.bd

স্মারক নং- ০৫,৪১,৩০০০,০১১,০৬,০৭১,১৮- (৫)

তারিখ: ১১/০৫/২০২২

ফরম নং-১৭০

(১৯১৭ সালের বোর্ড ম্যানুয়ালের ১১৯ নং বিধি)

আদেশপত্র

তারিখ.....২৫.০৫.....
জেলা২০..... সালের.....

মামলার ধরণ : জনাব মো: আ: করিম, পিতা-মৃত আবুল হোসেন মাসু হাভি, পত্নী মরশিদা
নিউটাউন, কিশোরগঞ্জ এর গত ২৮/০৪/২০২২ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে আপীল মান্য করা
১৬/২০২২।

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও অফিসারের স্বাক্ষর	আদেশের তারিখ
১১/০৫/২০২২	<p>জনাব মো: আ: করিম, পিতা-মৃত আবুল হোসেন মাসু হাভি, পত্নী তারাপাশা নিউটাউন, কিশোরগঞ্জ এর গত ২৮/০৪/২০২২ তারিখের আপীল আবেদনের প্রেক্ষিতে ২১/০৪/২০২২ তারিখ আপীল শুনানীর দিন ধর্ম্য।</p> <p>দেখলাম। আপীলকারী অনুপস্থিত। আপীলকারীর কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, আপীলকারী মো: আ: করিম তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নিম্নবর্ণিত তথ্য চেয়ে জেলা প্রশাসক, কিশোরগঞ্জ বরাবর সন ০৯-০৩-২০২২ তারিখ আবেদন করেন।</p> <p>(ক) কিশোরগঞ্জ জেলার নিকলী উপজেলার মাদই নম্বর মৌজার সি এস এস এ দাগ নং $\frac{৮০৪}{২০০৭}$, ৭৯২, $\frac{৭১৪}{১৯৯৬}$, $\frac{৩১৩}{৭২১}$, $\frac{৭২৩}{১৯২৪}$, ৩১২, ৭১৬ ও ৭৩৩ নং দাগসমূহের সি এস খে নং কত? প্রমাণ কি? পরিমাণ কত? এবং কাহার নামে এস এ রেকর্ড হইয়াছে তাহাদের নাম কি কি?</p> <p>(খ) কিশোরগঞ্জ জেলার নিকলী উপজেলার মাদই নম্বর মৌজার সি এস এস এ দাগ নং $\frac{৮০৪}{২০০৭}$, ৭৯২, $\frac{৭১৬}{১৯৯৬}$, $\frac{৩১৩}{৭২১}$, $\frac{৭২৩}{১৯২৪}$, ৩১২, ৭১৬ ও ৭৩৩ নং দাগসমূহের এস এ খে নং কত? প্রমাণ কি? পরিমাণ কত? এবং কাহার নামে এস এ রেকর্ড হইয়াছে তাহাদের নাম কি?</p>	

Scanned with CamScanner

Scanned with CamScanner

সরকার পক্ষে জেলা প্রশাসকের প্রতিমিত্বের বক্তব্য :

শুনানীতে অংশ নিয়ে সরকার পক্ষে জেলা প্রশাসক, কিশোরগঞ্জ এর প্রতিমিত্ব, জনাব মো: ইকবাল হাসান, সহকারী কমিশনার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা (আরটিসি), লিখিত বক্তব্যে জানান যে

(ক) আবেদনকারীর ০৯/০৫/২০১১ খ্রি: তারিখের তথ্য প্রাপ্ত আবেদনের পরিশ্রেফিতে জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ এর ২৩/০৩/২০২২ খ্রি: তারিখের ০৫.৪১.৪৮০০.০১৬.০১.০০১ (অংশ) ১০১১-৮৩ নং স্মারকমূলে আবেদনকারীর চাহিত তথ্যাদি অভিযোগ ও তথ্য প্রাপ্ত সরবরাহ করার জন্য অনুরোধ করা হয়েছে।

(খ) সহকারী কমিশনার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, রেকর্ডরুম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ হতে অন্যান্য আবেদনকারীর চাহিত তথ্যাদি অভিযোগ ও তথ্য শাখায় প্রেরণ না করায় আবেদনকারীকে চাহিত তথ্যাদি সরবরাহ করা সম্ভব হয়নি।

(গ) আবেদনকারীর চাহিত তথ্যাদি অভিযোগ ও তথ্য প্রাপ্ত সরবরাহ করার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, রেকর্ডরুম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জকে ০৯/০৫/২০২২ খ্রি: তারিখের ০৫.৪১.৪৮০০.০১৬.০১.০০১(অংশ).২০২২-১২৬ নং স্মারকমূলে তাগিদপত্র প্রদান করা হয়েছে।


(ঘ) সহকারী কমিশনার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, রেকর্ডরুম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ হতে আবেদনকারীর চাহিত তথ্যাদি প্রাপ্ত সাথে সাথে আবেদনকারীকে সরবরাহ করা হবে।

(ঙ) এমতাবস্থায়, আবেদনকারী কর্তৃক দাখিলকৃত আপীল আবেদনটি খারিজযোগ্য।

পর্যালোচনা : সরকার পক্ষে জেলা প্রশাসক, কিশোরগঞ্জ এর প্রতিমিত্বের বক্তব্য শুনলাম। লিখিত বক্তব্য ও দাখিলকৃত প্রমাণক পর্যালোচনা করলাম যেহেতু জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ হতে তথ্য সরবরাহ করা হয়নি, সেহেতু আপীল আবেদনটি গ্রহণযোগ্য। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২৪ ধারার (৩)(ক) উপ-ধারা অনুসারে আপীল কর্তৃপক্ষ আপীল আবেদনকারীকে অনুরোধকৃত তথ্য সরবরাহের জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ প্রদান করিবেন, অথবা (৩)(খ) উপ-ধারা অনুসারে তদবিবেচনায় গ্রহণযোগ্য না হইলে আপীল আবেদনটি খারিজ করিয়া দিবেন।



	<p>আদেশ : শুনানীঅন্তে আদেশ হয় আপীলকারীর দাখিলকৃত আবেদন এবং সরকার পক্ষে জেলা প্রশাসক, কিশোরগঞ্জ এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও সহকারী কমিশনার, জনাব মো: ইকবাল হাসান এর পিণ্ডিত বক্তব্যের পরিশ্রেণিতে আপীল আবেদনটি গ্রহণ করা হলো। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২৪ ধারার (৩)(ক) উপ-ধারা অনুসারে <u>আপীলকারীর চাহিত তথ্যসমূহ সরবরাহ করার নির্দেশ প্রদান করা হলো।</u> আপীল আবেদনটি নিষ্পত্তি করা হলো। তথ্য প্রদানকারী কর্মকর্তার পিণ্ডিত জবাব নথিতে সংযুক্ত করা হোক ও সংশ্লিষ্ট সকলকে আদেশের কপি সরবরাহ করা হোক।</p>
--	--




(জহিরুল ইসলাম)

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন)
ঢাকা বিভাগ, ঢাকা।

স্মারক নং-০৫.৪১.৩০০০.০১১.০৬.০৫১.১৮- ৫২ (৬)

তারিখ : ১১/০৫/২০২২

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ৫। কমিশনারের একান্ত সচিব, ঢাকা বিভাগ, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সিনিয়র সহকারী/সহকারী কমিশনার (আইসিটি), বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। জনাব মো: আ: করিম, পিতা-মৃত আবুল হোসেন লালু হাজী, পশ্চিম তারাশা নিউটাউন, কিশোরগঞ্জ।



(আল মামুন)

সিনিয়র সহকারী কমিশনার (উন্নয়ন)
ঢাকা বিভাগ, ঢাকা।